গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
(আইসিটি শাখা)
www.sylhet.gov.bd

স্মারক নং: ০৫.৪৬.৯১০০.০২৪.৩৪.০০১.১১. ২০৭

তারিখ : ১২ শ্রাবণ ১৪২৪ / ২৭ জুলাই ২০১৭

বিষয় : Domecstic Network Coordination Committee (DNCC) এর ২৫তম সভার কার্যবিবরণী প্রেরণ। ।

সূত্র : প্রধানমন্ত্রীর কার্যালয়ের গত ০৯ জুলাই ২০১৭ তারিখের ০৩.০৭৫.১৪.০০.০০.০০১.২০১৫ (অংশ-৪).৯০ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে প্রাপ্ত Domecstic Network Coordination Committee (DNCC) এর ২৫তম সভার কার্যবিবরণীর অনুলিপি এসাথে প্রেরণ করা হলো। উক্ত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে- ০৫ (পাঁচ) পাতা

27/07/2017

(মুহাম্মদ আশরাফুল আলম)
সহকারী কমিশনার
আইসিটি শাখা
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
ফোন: ৭১৬০৪১
ই-মেইল: acictsylhet@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার (সকল)

..............................., সিলেট।

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সিলেট।

২। সহকারী কমিশনার, গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়

পত্র সংখ্যা ০৩.০৭৫.১৪.০০.০০.০০১.২০১৫ (অংশ-৪)-৯০

তারিখ ...০৯.জুলাই, ২০১৭.....
২৫ আষাঢ়, ১৪২৪

বিষয়ঃ **Domestic Network Coordination Committee (DNCC) এর ২৫ তম সভার কার্যবিবরণী প্রেরণ।**

গত ২০.০৬.২০১৭ তারিখে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত Domestic Network Coordination Committee (DNCC) এর ২৫ তম সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হল।

(আল মামুন মুর্শেদ)
পরিচালক-৮
☏-৯১৩৭৪৬২
E-mail dir8@pmo.gov.bd

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, জন নিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
৬. সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিসিসি ভবন (৫মতলা), ই-১৪/এক্স, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৮. সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিব, কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, আব্দুল গণি রোড, ঢাকা।
১৩. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
১৪. মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর, ৪২৩-৪২৮ তেজগাঁও, ঢাকা।
১৫. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১৬. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১৭. চেয়ারম্যান, বিটিআরসি, আইইবি ভবন, রমনা, ঢাকা।
১৮. প্রকল্প পরিচালক, (A2I) এবং মহাপরিচালক-৪, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১৯. মহাপরিচালক, ডিজিএফআই, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২০. মহাপরিচালক, এনএসআই, সেগুন বাগিচা, ঢাকা।
২১. নির্বাহী পরিচালক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, সেতু ভবন, বনানী, ঢাকা-১২১২।
২২. চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
২৩. চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন (২য় তলা), মতিঝিল বা/এ, ঢাকা।
২৪. পরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার, সদর দপ্তর, ডিজিএফআই, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২৫. অতিরিক্ত পুলিশ মহা পরিদর্শক, (সিআইডি), মালিবাগ, ঢাকা।
২৬. অতিরিক্ত কমিশনার ও প্রধান, কাউন্টার টেরোরিজম এন্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম, ডিএমপি, ঢাকা।
২৭. পরিচালক, সেনাসদর মিলিটারী ইনটেলিজেন্সী পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
২৮. ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল, টেলিযোগাযোগ ভবন, ৩৭/ই, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
২৯. ব্যবস্থাপনা পরিচালক, পাওয়ার গ্রিড কোম্পানী অফ বাংলাদেশ, আইইবি ভবন, রমনা, ঢাকা।
৩০. কার্যনির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আগারগাঁও, ঢাকা।
৩১. প্রকল্প পরিচালক, ইনফো-সরকার-৩য় পর্যায় প্রকল্প, আগারগাঁও, ঢাকা।

৩২. জেলা প্রশাসক (সকল), **(অধীনস্থ সকল উপজেলা নির্বাহী কর্মকর্তা-কে অবহিতকরণের অনুরোধসহ)।**
৩৩. জেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, (সকল) (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩৪. জনাব আনীর চৌধুরী, পলিসি অ্যাডভাইজার, A2I প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩৫. ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমপ্লেক্স ভবন (১০ম তলা), বাড়ী নং-৩/এ, রোড-১৭, গুলশান-১, ঢাকা।
৩৬. জনাব নাইমুজ্জামান মুক্তা, জনপ্রেক্ষিত বিশেষজ্ঞ, A2I প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কাযালয়, তেজগাঁও, ঢাকা।
৩৭. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিঃ, প্রধান কার্যালয়, ২২/বি ফারুক সরণি,নিকুঞ্জ-২, ঢাকা।
৩৮. ব্যবস্থাপনা পরিচালক, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, বিদ্যুৎ ভবন, ৩৫ বয়রা মেইন রোড, খুলনা।
৩৯. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, ১ নবাব আব্দুল গণি রোড, ৩য় তলা, ঢাকা।
৪০. সিইও, সামিট গ্রুপ, ১৮ কাওরান বাজার, বা/এ, ঢাকা-১২১৫।
৪১. ব্যবস্থাপনা পরিচালক, ফাইবার @ হোম, বাড়ি ৭/বি, রোড-১৩, গুলশান-১, ঢাকা-১২১২।

<u>অনুলিপিঃ সদয় অবগতির জন্য-</u>

১. ডাক ও টেলিযোগাযোগ বিভাগের প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
২. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, বিসিসি ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭ (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. মুখ্য সমন্বয়ক (এসডিজি) মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (মুখ্য সমন্বয়ক (এসডিজি) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. মুখ্য সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (মুখ্য সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. মহাপরিচালক-২ এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতরি জন্য)।

প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা

# Domestic Network Coordination Committee (DNCC) এর ২৫ তম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : ড. কামাল আবদুল নাসের চৌধুরী<br>মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়। |
| সভার তারিখ | : ২০ জুন, ২০১৭ |
| সময় | : সকাল ৯:০০ টা। |
| স্থান | : সভাকক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়। |
| উপস্থিত | : পরিশিষ্ট "ক"। |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী ও প্রধানমন্ত্রীর এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক সভায় অংশগ্রহণ করায় সভাপতি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভাপতির অনুমতিক্রমে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের পরিচালক জনাব মোহাম্মদ এনামুল কবির সভার কার্যপত্র উপস্থাপনা করেন।

বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত ১: গত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

**সিদ্ধান্ত-২:** Connected Bangladesh শীর্ষক প্রকল্পের অর্থায়নের জন্য GOB এবং সামাজিক দায়বদ্ধতা তহবিল, উভয় প্রকার উৎসের সংস্থান রেখে আইসিটি বিভাগ প্রস্তাব প্রণয়ন করে সরকারের অনুমোদনের জন্য প্রেরণ করবে। পরিকল্পনা কমিশন প্রস্তাব পাওয়া মাত্র অগ্রাধিকার ভিত্তিতে এ প্রকল্প অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করবে। একই সাথে, সামাজিক দায়বদ্ধতা তহবিল হতে অর্থায়নের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ মাননীয় প্রধানমন্ত্রী বরাবর সার-সংক্ষেপ প্রেরণ করবে এবং তদনুযায়ী অর্থায়নের স্বপক্ষে সিদ্ধান্ত গৃহীত হলে তহবিল ব্যবস্থাপনা কমিটি'র প্রথম সভায় এ বিষয়ে ভূতাপেক্ষ অনুমোদন গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নে:** ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, বিটিআরসি ও বিসিসি।

**সিদ্ধান্ত ৩:** ইউনিয়ন ব্যান্ডউইথ কার্যক্রম মনিটর করার জন্য BTCL এমআরটিজি ড্যাশবোর্ড স্থাপন কাজ সম্পন্ন করে A2i এবং DNCC সচিবালয়কে অবহিত করতে হবে।

**বাস্তবায়নেঃ** বিটিসিএল।

**সিদ্ধান্ত ৪:** ইউডিসি'র উদ্যোক্তাদের জন্য BTCL কর্তৃক অনলাইন কাস্টমার ম্যানেজমেন্ট সিস্টেম ও কাস্টমার কল সেন্টার চালু করে A2i কে এক্সেস প্রদান করবে।

**বাস্তবায়নেঃ** বিটিসিএল।

**সিদ্ধান্ত ৫:** বিটিসিএল এর সাথে সংযোগ প্রাপ্ত প্রতিটি ইউডিসি'র প্রক্রিয়াধীন খসড়া SLA চূড়ান্ত সাপেক্ষে সার্ভিস লেভেল এগ্রিমেন্ট (এসএলএ) স্বাক্ষর করতে হবে।

**বাস্তবায়নেঃ** বিটিসিএল।

সিদ্ধান্ত ৬: ইউনিয়ন পর্যায়ের কানেক্টিভিটি স্ট্যাটাস মনিটর করার জন্য BTCL কর্তৃক ড্যাশবোর্ড স্থাপন কাজ সম্পন্ন করে A2i কে এক্সেস প্রদান করতে হবে।

বাস্তবায়নেঃ বিটিসিএল।

সিদ্ধান্ত-৭: ISP লাইসেন্সের জন্য নতুন গাইডলাইন প্রণয়ন না করে শুধুমাত্র লাইসেন্স ফি বৃদ্ধির বিষয়ে বিটিআরসি ডাক ও টেলিযোগাযোগ বিভাগ বরাবর প্রস্তাব প্রেরণ করবে। উক্ত প্রস্তাবের ভিত্তিতে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ ISP প্রতিষ্ঠানসমূহের লাইসেন্স ফি নির্ধারণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

বাস্তবায়নে: ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং বিটিআরসি।

সিদ্ধান্ত-৮: ILDTS Policy 2010 সংশোধনের মাধ্যমে বিদ্যমান নেটওয়ার্ক টপোলজি পরিবর্তন করে সামগ্রিকভাবে একটি Flexible, Expandable এবং Open Topology Model প্রস্তুতের জন্য ITU পরামর্শক নিয়োগসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে আগামী তিন মাসের মধ্যে পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণ করবে। বিদ্যমান অপারেটর সমূহের জন্য পুরনো মডেল হতে নতুন মডেলে স্থানান্তরের পরিকল্পনা উক্ত প্রস্তাবে অন্তর্ভুক্ত করতে হবে।

বাস্তবায়নে: বিটিআরসি।

সিদ্ধান্ত-৯: ন্যাশনাল নাম্বারিং প্ল্যান আধুনিকায়নের লক্ষ্যে বিটিআরসি কর্তৃক মন্ত্রণালয় বরাবর খসড়া প্রস্তাবনা প্রেরণের সময়সীমা আগামী ৩১ জুলাই, ২০১৭ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। আগামী সভায় এ বিষয়ে অগ্রগতি প্রতিবেদন দাখিল করতে হবে।

বাস্তবায়নে: বিটিআরসি।

সিদ্ধান্ত-১০: Tower Sharing প্রবর্তনের উদ্দেশ্যে প্রস্তুতকৃত খসড়া গাইডলাইনটিতে প্রয়োজনীয় সংশোধন আনয়নপূর্বক তা অনুমোদনের জন্য বিটিআরসি আগামী দুই সপ্তাহের মধ্যে মন্ত্রণালয় বরাবর প্রেরণ করবে। একই সাথে সকল মোবাইল অপারেটর বরাবর বিদ্যমান Tower এর ক্ষেত্রে Sharing এর বিষয়ে উৎসাহিত করতঃ সুনির্দিষ্ট দিক নির্দেশনা প্রদান করতে হবে।

বাস্তবায়নে: বিটিআরসি।

সিদ্ধান্ত-১১: a2i কর্তৃক উপস্থাপিত সারাদেশের জন্য আদর্শ নেটওয়ার্ক ডিজাইন বাস্তবায়নের উদ্দেশ্যে বিটিআরসি একটি পূর্ণাঙ্গ গাইডলাইন প্রণয়ন করবে এবং তা অনুমোদনের জন্য মন্ত্রণালয় বরাবর প্রেরণ করবে। মন্ত্রণালয় উক্ত গাইডলাইন অনুমোদনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

বাস্তবায়নে: ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং বিটিআরসি।

সিদ্ধান্ত-১২: a2i কর্তৃক Institute of Water Modeling (IWM) এর সহায়তায় উপস্থাপিত Analytical GIS System টির Phase-2 এর বাস্তবায়ন সংক্রান্ত সকল কার্যক্রম (অর্থায়ন, চুক্তি স্বাক্ষর, ডাটা সন্নিবেশ ইত্যাদি) বিটিআরসি গ্রহণ করবে। এ লক্ষ্যে, বিটিআরসি বিভিন্ন মন্ত্রণালয় ও সরকারি সংস্থা হতে ডাটা সংগ্রহ করে তা সন্নিবেশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। বিটিআরসি পরবর্তী সভায় এ বিষয়ে অগ্রগতি প্রতিবেদন দাখিল করবে।

বাস্তবায়নে: বিটিআরসি।

সিদ্ধান্ত-১৩: সাইবার নিরাপত্তা ব্যবস্থা অধিক কার্যকর করার লক্ষ্যে প্রস্তাবিত সাইবার নিরাপত্তা সেলে বিটিআরসি, a2i, এনটিএমসি এবং বিসিসি এর সদস্যের পাশাপাশি নতুন করে ডিজিএফআই, এনএসআই, সিআইডি, কাউন্টার টেরোরিজম ইউনিট, সেনাসদর মিলিটারী ইনটেলিজেন্স পরিদপ্তর এবং ডাক ও টেলিযোগাযোগ অধিদপ্তরের সদস্যকে অন্তর্ভুক্ত করা হলো। বিটিআরসি'র নেতৃত্বে উক্ত সেল গঠনসহ এর সার্বিক কার্যক্রম পরিচালিত হবে।

**বাস্তবায়নে:** বিটিআরসি, a2i, এনটিএমসি, বিসিসি, ডিজিএফআই, এনএসআই, সিআইডি, কাউন্টার টেরোরিজম ইউনিট, সেনাসদর মিলিটারী ইনটেলিজেন্স পরিদপ্তর এবং ডাক ও টেলিযোগাযোগ অধিদপ্তর।

**সিদ্ধান্ত ১৪: ইনফো সরকার-৩** প্রকল্পের আওতায় বিভিন্ন রাস্তা ও সেতু ব্যবহারক্রমে অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপন করা হবে। সংশ্লিষ্ট সংস্থাসমুহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে। আগামী সভার পূর্বেই ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্পের প্রকল্প পরিচালক এ বিষয়ে একটি সার্ভে রিপোর্ট প্রেরণ করবে।

**বাস্তবায়নে:** সড়ক ও মহাসড়ক বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, সড়ক ও জনপথ অধিদপ্তর, স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর, জেলা পরিষদ, বাংলাদেশ রেলওয়ে, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, **ইনফো সরকার-৩য় পর্যায়** প্রকল্প।

**সিদ্ধান্ত ১৫: ইনফো সরকার-৩** প্রকল্পের আওতায় বিভিন্ন সংস্থার বৈদ্যুতিক খুঁটি ব্যবহার করে প্রকল্পের অপটিক্যাল ফাইবার ক্যাবল টানানো হবে। সংশ্লিষ্ট সংস্থাসমুহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে। এ বাবদ কোন ক্ষতিপূরণ প্রাপ্ত হবে না। তবে কোন বৈদ্যুতিক খুটি ক্ষতিগ্রস্থ হলে ঠিকাদার নিজ খরচে তা মেরামত/প্রতিস্থাপন করবে।

**বাস্তবায়নে:** বিদ্যুৎ বিভাগ, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ডেসকো, ডেসা, ডিপিডিসি, ওজোপাডিকো

**সিদ্ধান্ত ১৬: ইনফো সরকার-৩** প্রকল্পের আওতায় ইউনিয়ন পর্যায়ে পয়েন্ট অব প্রেজেন্স (পিওপি) স্থাপনে বিদ্যুৎ সংযোগ বিহীন ইউনিয়ন পরিষদসমূহে জরুরীভিত্তিতে বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে।

**বাস্তবায়নেঃ** পল্লী বিদ্যুতায়ন বোর্ড, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ডেসকো, ডেসা, ডিপিডিসি,

**সিদ্ধান্ত ১৭: ইনফো সরকার-৩** প্রকল্পের আওতায় ইউনিয়ন পর্যায়ে পয়েন্ট অব প্রেজেন্স (পিওপি) এর বিদ্যুৎ বিল সংশ্লিষ্ট ব্যবহারকারী পরিশোধ করবে।

**বাস্তবায়নেঃ** এনটিটিএন

**সিদ্ধান্ত ১৮: ইনফো সরকার-৩** প্রকল্পের আওতায় জেলা ও উপজেলা পর্যায়ে সরকারী গুদাম/স্থান/মাঠ খালি থাকা সাপেক্ষে প্রকল্পে প্রয়োজনীয় ওয়্যারহাউজ ও স্থান সংকুলানে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে।

**বাস্তবায়নে:** জেলা প্রশাসক (সকল) এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল)

**সিদ্ধান্ত ১৯: ইনফো সরকার-৩** প্রকল্পের আওতায় নির্বাচিত ২৬০০ ইউনিয়নের প্রত্যেকটিতে খালি থাকা সাপেক্ষে প্রকল্পের পিওপি স্থাপনে একটি করে কক্ষ বরাদ্দ দিতে হবে।

**বাস্তবায়নে:** স্থানীয় সরকার বিভাগ, জেলা প্রশাসক (সকল) এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল)

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩/৭/২০১৭

(ড. কামাল আবদুল নাসের চৌধুরী)
মুখ্য সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়